# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
# এর
# যাবতীয় প্রকাশযোগ্য ও অপ্রকাশযোগ্য তথ্যের
# ক্যাটাগরি ও ক্যাটালগ

GAS TRANSMISSION
COMPANY LIMITED

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা-১২০৭।

জাতীয় গ্যাস সঞ্চালন ব্যবস্থা এককেন্দ্রিকভাবে বিনির্মাণ এবং সুষ্ঠু পরিচালন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে দেশের সকল অঞ্চলে প্রাকৃতিক গ্যাসের সুষম ব্যবহার ও সরবরাহ নিশ্চিতকল্পে প্রয়োজন অনুযায়ী জাতীয় গ্যাস গ্রিড সম্প্রসারণের উদ্দেশ্যে সরকার কর্তৃক ১৪ ডিসেম্বর ১৯৯৩ তারিখে জিটিসিএল প্রতিষ্ঠা করা হয়। জিটিসিএল রেজিস্ট্রার অফ জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস-এ নিবন্ধন নং-সি ২৫১৪২(৯৭৬)/৯৩ তারিখ: ১৪ ডিসেম্বর ১৯৯৩ এর মাধ্যমে নিবন্ধিত হয় এবং ৩১-০৭-১৯৯৪ তারিখ হতে ব্যবসায়িক কার্যক্রম শুরুর অনুমতি প্রাপ্ত হয়। কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০০.০০ (দশ হাজার) কোটি টাকা ও পরিশোধিত মূলধন ১৭৮৮.০৮ (এক হাজার সাতশত আটাশি দশমিক শূন্য আট) কোটি টাকা।

জিটিসিএল-এর যাবতীয় তথ্যকে ২টি ক্যাটাগরিতে ভাগ করা যায়, যথা:

(১) প্রকাশযোগ্য তথ্য:

(১.১) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য

(১.২) চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য

(২) অপ্রকাশযোগ্য বা প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য

উপর্যুক্ত ক্যাটাগরির ভিত্তিতে কোম্পানির যাবতীয় তথ্যের ক্যাটালগ নিম্নে প্রদান করা হল:

**পরিশিষ্ট-১:**

(১.১) স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা এবং প্রকাশের মাধ্যম:

| ক্রম. | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১। | জিটিসিএল-এর সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ২। | জিটিসিএল-এর ভিশন, মিশন ও সামগ্রিক কার্যক্রম | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৩। | পরিচালনা পর্ষদ | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৪। | জিটিসিএল-এর কর্মকর্তা ও কর্মচারী সংক্রান্ত তথ্য | সংশ্লিষ্ট দপ্তর |
| ৫। | জনবল নিয়োগ সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট |
| ৬। | পদোন্নতি ও বদলি সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৭। | কর্মসম্পাদনের জন্য জিটিসিএল-এর নিয়ন্ত্রণে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান, নির্দেশনা, ম্যানুয়েল, ডকুমেন্ট এন্ড রেকর্ড | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৮। | দৈনিক গ্যাস ট্রান্সমিশন সংক্রান্ত তথ্য | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৯। | বার্ষিক প্রতিবেদন | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ১০। | ফোকাল পয়েন্টগণের নাম, ঠিকানা ও ফোন নম্বর | ওয়েবসাইট |
| ১১। | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স ও ই-মেইল ঠিকানাসহ এপিএ সংক্রান্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ১২। | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স ও ই-মেইল ঠিকানাসহ আপিল কর্তৃপক্ষের তালিকা | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ১৩। | তথ্যের জন্য নাগরিকের নিকট হতে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্য অন্তর্ভুক্ত থাকবে:<br>(ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম<br>(খ) কি তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে<br>(গ) অনুরোধের তারিখ | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ১৪। | জিটিসিএল-এর সাথে সম্পাদিত গ্যাসখাতে সকল উন্নয়ন/প্রকল্প সংক্রান্ত চুক্তির সংক্ষিপ্ত বিবরণ | সংশ্লিষ্ট দপ্তর |
| ১৫। | টেন্ডার বিজ্ঞপ্তি | ওয়েবসাইট, জাতীয় দৈনিক |
| ১৬। | 5 tools: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, সিটিজেন্স চার্টার, ই-গভর্নেন্স এন্ড ইনোভেশন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) | ওয়েবসাইট |
| ১৭। | সকল নোটিশ ও বিজ্ঞপ্তি/পরিপত্র | ওয়েবসাইট |
| ১৮। | এন ও সি | ওয়েবসাইট |
| ১৯। | কোম্পানি সংক্রান্ত গুরুত্বপূর্ণ নিউজ | ওয়েবসাইট |

## পরিশিষ্ট-২:

### (১.২) চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা:

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে (কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণের পর):

| | |
|---|---|
| ১। | স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য; |
| ২। | বিভিন্ন বিধি-বিধান ও নীতিমালা; |
| ৩। | আর্থিক তথ্য যেমন-আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী; |
| ৪। | অডিট রিপোর্ট (জবাবসহ); |
| ৫। | প্রকল্পের তথ্য; |
| ৬। | ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য; |
| ৭। | উপকারভোগীর তালিকা; |
| ৮। | নিয়োগ ও বদলির আদেশ; |
| ৯। | দেশে বা বিদেশে ভ্রমন সংক্রান্ত তথ্য; |
| ১০। | প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য; এবং |
| ১১। | প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৩) ব্যতীত অন্য সকল তথ্য। |

## পরিশিষ্ট-৩:

### প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা:

১। কোন বিদেশী সরকারের নিকট থেকে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

২। কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) সম্পর্কিত তথ্য;

৩। কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্থ করতে পারে এরূপ তথ্য, যথা:
(ক) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;
(খ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;
(গ) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;

৪। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এমন তথ্য;

৫। কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্চনীয় এরূপ কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোন তথ্য;

৬। কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

৭। পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষার প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

৮। গ্যাস সঞ্চালন পাইপলাইন, কেপিআই, কম্প্রেসর স্টেশন ইত্যাদি সম্পর্কিত তথ্য;

৯। কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্চনীয় এরূপ কারিগরি বা গবেষণালব্ধ কোন তথ্য;

১০। কোন কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

১১। কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

১২। আদালতে বিচারধীন কোন বিষয়ে এবং যা প্রকাশে আদালত বা ট্রাইবুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য; এবং

১৩। তদন্তাধীন কোন বিষয়ে যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য।

**পরিশিষ্ট-৪:**

| | | |
|---|---|---|
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য | : | |
| কর্মকর্তার নাম | : | মোঃ সিদ্দিকুর রহমান |
| পদবী | : | উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) |
| ফোন | : | ০২-৪৪৮২৭২১৫ (অফিস)<br>০১৫৫২৪৪৪৪২১ (মোবাইল) |
| ই-মেইল | : | dgm.sec.lsd@gtcl.org.bd |
| ঠিকানা | : | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)<br>প্লট নং: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা<br>আগারগাঁও, ঢাকা-১২০৭। |

**পরিশিষ্ট-৫:**

| | | |
|---|---|---|
| আপিল কর্তৃপক্ষের তথ্য | : | |
| কর্মকর্তার নাম | : | প্রকৌ. রুখসানা নাজমা ইসহাক |
| পদবী | : | ব্যবস্থাপনা পরিচালক |
| ফোন | : | ৪৪৮২৭২০০ (অফিস)<br>০১৭০৪-১১৮২৪২ (মোবাইল) |
| ই-মেইল | : | md@gtcl.org.bd |
| ঠিকানা | : | গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)<br>প্লট নং: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা<br>আগারগাঁও, ঢাকা-১২০৭। |

26/06/2022
(মোঃ সিদ্দিকুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার) ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি।

26/6/22
(বিকাশ কুমার শীল)
উপ-মহাব্যবস্থাপক (সেন্ট্রাল একাউন্টস্) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

26-06-2022
(মনছফ আলী)
উপ-মহাব্যবস্থাপক (স্ট্রাটেজিক প্লানিং) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

26/06/2022
(মুহাম্মদ ইমামুল হক)
উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

26/06/2022
(মিনা রানী রায়)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।